

ASEAN-India Ministerial Meeting

September 12, 2020

আসিয়ান-ভারত মন্ত্রিসভাকীয় বৈঠক

সেপ্টেম্বর 12, 2020

1. 12ই সেপ্টেম্বর 2020 তারিখে আসিয়ান-ভারত মন্ত্রিসভাকীয় বৈঠকে যুগ্ম সভাপতিত্ব করেছেন ভারতের বিদেশমন্ত্রী (ইএম) মহামান্য ড. এস জয়শংকর এবং থাইল্যান্ড রাজতন্ত্রের উপ প্রধানমন্ত্রী ও বিদেশমন্ত্রী মহামান্য ডন প্রমুদ্বিনাই। বৈঠকটি ভার্চুয়ালি অনুষ্ঠিত হয়েছে এবং ভারত ও দশটি আসিয়ান সদস্য রাষ্ট্রের বিদেশমন্ত্রীদের বৈঠকে যোগ দিতে দেখা গেছে।
2. বৈঠকে সামুদ্রিক সহযোগিতা, শিক্ষা এবং ক্ষমতা অর্জন ও জনগণের সাথে জনগণের যোগাযোগ সহ বিভিন্ন ক্ষেত্রে আসিয়ান-ভারত কৌশলগত অশীদারিত্বের অবস্থান নিয়ে পর্যালোচনা করা হয়েছে। আসিয়ান - ভারত প্ল্যান অব অ্যাকশন (2016-2020)-কে কার্যে পরিণত করার অগ্রগতি নিয়ে বৈঠকে পর্যালোচনা করা হয়েছে। আসন্ন 17তম আসিয়ান-ভারত শীর্ষসম্মেলনের প্রস্তুতি এবং ব্যংককে নভেম্বর 2019 -এ অনুষ্ঠিত এর আগের 16 তম আসিয়ান-ভারত শীর্ষসম্মেলনে উপনীত হওয়া আসিয়ান সদস্য দেশ (এএমএস) এবং ভারতের নেতৃবৃন্দের মুখ্য সিদ্ধান্তগুলিকে কার্যে পরিণত করার অগ্রগতি নিয়েও বৈঠকে পর্যালোচনা করা হয়েছে।
3. বৈঠকে নতুন আসিয়ান-ভারত প্ল্যান অব অ্যাকশন (2021-2025) গৃহীত হয়েছে। মন্ত্রীর COVID-19 অতিমারির বিরুদ্ধে লড়াইয়ে সহযোগিতাকে মজবুত করার উপায় নিয়ে আলোচনা করেছেন এবং গুরুত্বপূর্ণ আঞ্চলিক ও আন্তর্জাতিক বিকাশ নিয়ে মত বিনিময় করেছেন।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 12, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.